

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২৩১৯

আগরতলা, ২৮ ডিসেম্বর, ২০২৪

ত্রিপুরা সিভিল সার্ভিস অফিসার্স অ্যাসোসিয়েশনের উদ্যোগে শীতবস্ত্র বিতরণ

ত্রিপুরা সিভিল সার্ভিস অফিসার্স অ্যাসোসিয়েশনের

সমাজ সেবামূলক কাজ প্রশংসনীয় : মুখ্যমন্ত্রী



কেন্দ্র ও রাজ্য সরকারের বিভিন্ন জনকল্যাণমূলক প্রকল্পের সুফল সমাজের অস্তিম ব্যক্তির কাছে পৌঁছানোর ক্ষেত্রে টিসিএস আধিকারিকদের গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। পাশাপাশি সরকার ও জনগণের মধ্যে সেতু বন্ধনের কাজও করে থাকেন টিসিএস আধিকারিকগণ। আজ দশমীঘাট মুক্তমঞ্চে ত্রিপুরা সিভিল সার্ভিস অফিসার্স অ্যাসোসিয়েশনের উদ্যোগে দশমীঘাট এলাকাবাসীদের মধ্যে শীতবস্ত্র বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা একথা বলেন। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন, ত্রিপুরা সিভিল সার্ভিস অফিসার্স অ্যাসোসিয়েশন প্রায়শই সমাজসেবামূলক কাজ করে থাকে। এর আগেও অ্যাসোসিয়েশনের পক্ষ থেকে আগরতলা পুর নিগমের ৭০০ জন সাফাই কর্মচারীদের শীতবস্ত্র প্রদান করা হয়েছিল। এধরনের সমাজ সেবামূলক কাজ নিশ্চয়ই প্রশংসনীয়। মুখ্যমন্ত্রী বলেন, জনগণের সমস্যা সমাধানে রাজ্য সরকার যে সমস্ত পরিকল্পনা গ্রহণ করে তা রূপায়ণে টিসিএস আধিকারিকগণ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকেন। আধিকারিকদের গুরুত্বপূর্ণ ভূমিকার ফলে সাম্প্রতিক বন্যা সহ নানা বিপর্যয় সফলভাবে মোকাবিলা করা সম্ভব হয়েছে। মুখ্যমন্ত্রী বলেন, প্রশাসনকে গতিশীল ও জনকল্যাণমুখী করে তুলতে রাজ্য সরকার দায়বদ্ধভাবে কাজ করছে। এক্ষেত্রে টিসিএস আধিকারিকগণও গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছেন।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন আগরতলা পুরনিগমের মেয়র দীপক মজুমদার, মেয়র-ইন-কাউন্সিলর তুষার কান্তি ভট্টাচার্য এবং ত্রিপুরা সিভিল সার্ভিস অফিসার্স অ্যাসোসিয়েশনের সভাপতি দিলীপ কুমার চাকমা। অনুষ্ঠানে ত্রিপুরা সিভিল সার্ভিস অফিসার্স অ্যাসোসিয়েশনের সাধারণ সম্পাদক অসীম সাহা বলেন, দশমীঘাট এলাকায় সাম্প্রতিক বন্যায় ক্ষতিগ্রস্ত পরিবারের ৪০০ জনকে আজ শীতবস্ত্র তুলে দেওয়া হয়। সামাজ্যসেবামূলক কর্মকাণ্ডের পাশাপাশি টিসিএস আধিকারিকগণ সরকারি বিভিন্ন নীতি নির্দেশিকা রূপায়ণেও সর্বদা সচেষ্ট থাকেন। এদিকে আজ বিকালে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা টাউন বড়দোয়ালী বিধানসভা কেন্দ্রের ৩৩নং পুর ওয়ার্ডের বাঁশ বাজার এলাকায় আরও একটি শীতবস্ত্র বিতরণ কর্মসূচিতে অংশগ্রহণ করে এলাকাবাসীদের মধ্যে শীতবস্ত্র তুলে দেন।
